



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১১২০৬



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/জামালপুর-১৩০/ ১১২০৬

তারিখঃ ১৬.১০.২০১৮খ্রিঃ

বিষয়: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- বামাশিবো/প্রশাসন/জামালপুর-১৩০/৩০৯৩/৫; তারিখঃ ০১.১০.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ উপজেলাধীন আল জামিয়াতুল উলুমুল ইলাহিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষিকা (কম্পিউটার) জনাব জেব-উননেছা আক্তার কর্তৃক ইস্তফাপত্র অস্বীকার করে চাকুরীতে স্বাভাবিক দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন দাখিল করেন। দাখিলকৃত আবেদন ও মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, বিষয়টি জটিল ও দ্বন্দ্বিক প্রকৃতির। এছাড়া মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ২০১০/২০১৭ নং রিট পিটিশনের প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট কর্তৃক ০৩ (তিন) মাসের মধ্যে আবেদনের বিষয়টি নিষ্পত্তির জন্য আদেশ জারি করা হয়।

মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়ন ও সৃষ্ট জটিলতা নিরসনকল্পে ০৮/১০/২০১৮খ্রিঃ তারিখ সোমবার অত্র বোর্ডে উভয় পক্ষের মুখোমুখি শুনানী গ্রহণের দিন নির্ধারণ করা হয় এবং মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি, সুপার ও সহকারী শিক্ষিকা (কম্পিউটার) জনাব জেব-উননেছা আক্তারকে বোর্ডে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি এড. খোঃ আমদ মুহাঃ সফিউল্লাহ, সুপার জনাব খ আনম সফিউর রহমান ও সহকারী শিক্ষিকা (কম্পিউটার) জনাব জেব-উননেছা আক্তার ০৮/১০/২০১৮খ্রিঃ তারিখ সোমবার অত্র বোর্ডে উপস্থিত হন এবং স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করেন।

সহকারী শিক্ষিকা (কম্পিউটার) জনাব জেব-উননেছা আক্তার বলেন যে, তিনি ০১/০১/২০০৫ খ্রিঃ তারিখ উক্ত মাদ্রাসার সহকারী শিক্ষিকা হিসেবে যোগদান করেন। তিনি পদত্যাগ করেননি, পদত্যাগ পত্রে যে স্বাক্ষর করা হয়েছে তা তিনি করেননি। ২০১১ সাল থেকে মাদ্রাসার সাবেক সুপার খো.আ.ন.ম. শফিকুল আলম তাকে মাদ্রাসায় আসতে দেয়নি। পরবর্তীতে সুপার সাহেব কর্তৃক এমপিও সিট থেকে তাঁর নাম বাদ দিয়ে স্ত্রী ইসরাত জাহান এর নাম বসিয়ে বেতন-ভাতা উত্তোলন করেছেন।

শুনানীতে অংশগ্রহণকারী সুপার জনাব খ আনম সফিউর রহমান লিখিত বক্তব্যে বলেন যে, তিনি ২০১৪ সালে সুপার হিসেবে মাদ্রাসায় যোগদান করেছেন। জনাব জেব-উননেছা আক্তার এর পরিবর্তে কথিত ইসরাত জাহানকে নিয়োগ দেয়ার বিষয়ে কোন নিয়োগপত্র, যোগদানপত্র, রেজুলেশন এবং জনাব জেব-উননেছা আক্তার এর মূল পদত্যাগ পত্র, রেজুলেশন কিছুই তাঁর কাছে নেই।

শুনানীতে অংশগ্রহণকারী ম্যানেজিং কমিটির সভাপতি এড. খোঃ আমদ মুহাঃ সফিউল্লাহ লিখিত বক্তব্যে বলেন যে, তিনি মাদ্রাসার নতুন সভাপতি, জনাব জেব-উননেছা আক্তার এর পদত্যাগ বিষয়ে তিনি শুনিয়েছেন কিন্তু মূল পদত্যাগপত্র দেখেননি। এছাড়া ইসরাত জাহানকে নিয়োগ দেয়া সংক্রান্ত কোন কাগজপত্রও তিনি দেখেননি।

পক্ষগণের লিখিত ও মৌখিক বক্তব্য এবং দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনান্তে প্রতীয়মান হয় যে, সহকারী শিক্ষিকা (কম্পিউটার) জনাব জেব-উননেছা আক্তার এর পদত্যাগপত্র সৃজনকৃত এবং পদত্যাগ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হয়নি। এছাড়া সহকারী শিক্ষিকা (কম্পিউটার) জনাব জেব-উননেছা আক্তার এর নাম বাদ দিয়ে ইসরাত জাহান এর নাম বসিয়ে সরকারি অংশের বেতন-ভাতা উত্তোলন বিধি বহির্ভূত।

বর্ণিত অবস্থায় সহকারী শিক্ষিকা (কম্পিউটার) জনাব জেব-উননেছা আক্তারকে স্ব-পদে যোগদানের ব্যবস্থা করে বকেয়া বেতন-ভাতাদি পরিশোধসহ সাবেক সুপার খো.আ.ন.ম. শফিকুল আলম এবং ইসরাত জাহান এর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক বোর্ডকে অবহিত করার জন্য মাদ্রাসার বর্তমান সভাপতি ও সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৬.১০.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি, ম্যানেজিং কমিটি, আল জামিয়াতুল উলুমুল ইলাহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- ফারাজীপাড়া, দেওয়ানগঞ্জ, জামালপুর।
২) সুপার, আল জামিয়াতুল উলুমুল ইলাহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- ফারাজীপাড়া, দেওয়ানগঞ্জ, জামালপুর।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/জামালপুর-১৩০/

তারিখঃ ১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
২. জেলা শিক্ষা অফিসার, জামালপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৪. জনাব জেব-উননেছা আক্তার, সহকারী শিক্ষিকা (কম্পিউটার), আল জামিয়াতুল উলুমুল ইলাহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- ফারাজীপাড়া, দেওয়ানগঞ্জ, জামালপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪